তারিখ ... 12 JAN 2014 ...
পৃষ্ঠা ... ২৪ কলাম ... ৭ ...

শিবির তাড়িয়ে ছাত্রাবাসের দখল নিল ছাত্রলীগ

সিলেট পলিটেকনিক ইনস্টিটিউট

■ সিলেট ব্যুরো

সিলেটে শাহজালাল বিশ্ববিদ্যালয় ও সরকারি কলেজকে শিবিরমুক্ত করার পর পলিটেকনিক ইনস্টিটিউটে শিবির নিয়ন্ত্রিত দুটি ছাত্রাবাসে তালা দিয়েছে ছাত্রলীগ। পাশাপাশি ওই ছাত্রাবাস দুটি দখলে নিয়ে গতকাল থেকেই সেখানে অবস্থান নিয়েছেন ছাত্রলীগের নেতাকর্মীরা। পরে এক সমাবেশে ছাত্রলীগ নেতারা সিলেট পলিটেকনিককে শিবিরমুক্ত ঘোষণা করেন। গতকাল সকাল ১১টা থেকে বিকেল ৩টা পর্যন্ত শিবির নিয়ন্ত্রিত বিভিন্ন ছাত্রাবাসে, ছাত্রলীগ কর্মীরা তল্লাশি চালায়। এ সময় তারা বিভিন্ন ছাত্রাবাসের বেশ কয়েকটি কক্ষ ভাঙচুরও করে।

সম্প্রতি শাবিতে শিবির কর্মীরা বেশ কয়েকটি ছাত্রাবাস দখল করে বিভিন্ন কক্ষে লাল দাগ দিয়ে রাখে। তাদের হামলায় শাবির বেশ কয়েকজন ছাত্রলীগ নেতা আহত হয়ে হাসপাতালে চিকিৎসাধীন। কয়েক দিন আগে ছাত্রলীগ নেতাকর্মীরা বিভিন্ন ছাত্রাবাসে তল্লাশি চালিয়ে শিবিরমুক্ত করে। বর্তমানে শাবি অনেকটা শিবিরমুক্ত। মাসখানেক আগে সিলেট সরকারি কলেজ থেকেও ছাত্রলীগ নেতাকর্মীরা শিবির বিতাড়িত করে।

ক্যাম্পাস সূত্র জানায়, গত কয়েক বছর ধরে পলিটেকনিক ইনস্টিটিউটে ছাত্রশিবিরের দাপটে ছাত্রলীগ, ছাত্রদল নেতাকর্মীরা ছিলেন অনেকটা কোণঠাসা। ক্যাম্পাসে শিবিরের আধিপত্যের কারণে সহাবস্থানও ছিল দুঃসাধ্য। গত ১৭ ডিসেম্বর পলিটেকনিক ইনস্টিটিউটের ছাত্রলীগ সভাপতি সৈকত চন্দ্র রিমিকে মারধর করে শিবির কর্মীরা। তাদের হামলায় আহত হয়ে রিমি হাসপাতালে চিকিৎসাধীন ছিলেন বেশ কয়েক দিন। তিনি সুস্থ হয়ে গতকাল ক্যাম্পাসে যান। তার নেতৃত্বে ছাত্রলীগ নেতাকর্মীরা ইনস্টিটিউটের বিভিন্ন ছাত্রাবাসে ভাঙচুর চালায়। জামায়াত-শিবিরের হামলায় আহত রিমিকে হাসপাতালে দেখতে না যাওয়ায় কলেজ অধ্যক্ষ সুশান্ত বসুকেও তারা গালমন্দ করে।

পরে ছাত্রলীগ কর্মীরা পুরোপুরি জামায়াত-শিবির নিয়ন্ত্রিত ইনস্টিটিউটের সুরমা ও প্রতিভা ছাত্রাবাস থেকে জামায়াত-শিবির কর্মীদের তাড়িয়ে দেয়। তাদেরকে তাড়ানোর পর ছাত্রলীগ কর্মীরা দুটি ছাত্রাবাসে অবস্থান নেয়। বিকেল সাড়ে ৩টার দিকে ক্যাম্পাসে মিছিল-পরবর্তী সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় ছাত্রলীগ নেতা উত্তম দাস, সাজন মিয়া, গৌরাঙ্গ চন্দ্র, পারভেজ, সোহেল, ফয়সল প্রমুখ।